

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৫, ২০২৫

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪৪৫-আইন/২০২৫।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ১২৭ এর উপ-ধারা (৯) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারণের কর্তব্য, দায়িত্ব ও আচরণবিধি প্রবিধানমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) “বীমাকারী” অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী;

(১৪০৫৫)

মূল্য : টাকা ৮.০০

(ঘ) “বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারক” অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (৩০) এ সংজ্ঞায়িত বীমা জরিপকারী।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

(৩) বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের কর্তব্য ও দায়িত্ব।—(১) বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারক নন-লাইফ বীমা চুক্তির অধীন বীমাকৃত কোনো পণ্য, সম্পত্তি বা স্বার্থের কোনো ক্ষতি নির্ধারণের লক্ষ্যে তদন্ত, পরিমাপ ও যাচাইয়ে, প্রয়োজনীয় সময় প্রদানসহ, কর্মদক্ষতা, বাস্তবতা এবং পেশাদারিত্ব ও আচরণবিধি অনুসরণপূর্বক যথাযথভাবে জরিপকার্য সম্পন্ন করিয়া প্রতিবেদন দাখিল করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত জরিপকার্য সম্পাদনের ক্ষেত্রে বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের সহিত বীমাকারী বা বীমাগ্রহীতার পারিবারিক বা ব্যবসায়িক অংশীদারিত্ব, ইত্যাদি সম্পর্ক সংক্রান্ত বিষয় জরিপ প্রতিবেদনে প্রকাশ করা;
- (খ) বীমাকারীর দায় এবং বীমাগ্রহীতার দাবির বিষয়ে যথাযথ গোপনীয়তা এবং নিরপেক্ষতা বজায় রাখা;
- (গ) বীমাকৃত সম্পত্তির ক্ষতি নিরূপণে বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারক কর্তৃক সরেজমিনে সম্পত্তি পরিদর্শন ও, প্রয়োজনে, একাধিকবার পরিদর্শন কার্য পরিচালনা করা;
- (ঘ) বীমা পলিসিতে বর্ণিত শর্তাদি মোতাবেক যথাযথ ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক বিস্তারিত বিবরণ সংবলিত প্রতিবেদন প্রদান করা;
- (ঙ) সহ বীমার ক্ষেত্রে সহবীমাকারীদের অংশগ্রহণ মোতাবেক ক্ষতি নিরূপণের হার এবং উদ্ধারকৃত সম্পদ সম্পর্কে জরিপ প্রতিবেদনে উল্লেখ করা;
- (চ) একই সম্পদ একাধিক বীমা দ্বারা আবরিত হইলে জরিপকারী এবং ক্ষতি নির্ধারক-কে পলিসি অনুযায়ী ক্ষতি নিরূপণের হার এবং উদ্ধারকৃত সম্পদ সম্পর্কে জরিপ প্রতিবেদনে উল্লেখ করা;
- (ছ) ক্ষতির হার, ক্ষতির নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে প্রাক-জরিপ ঝুঁকি প্রতিবেদনে উল্লেখ করা;
- (জ) পলিসির শব্দ চয়নে কোনো বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা উল্লেখ করা;
- (ঝ) অবচয়ের প্রযোজ্য শতকরা হার এবং অনুমিত পরিমাণ নির্ধারণ করা;

- (এ৩) যে ক্ষেত্রে বীমা দাবি পলিসির শর্তাবলি দ্বারা আবর্তিত হয় না, সেই ক্ষেত্রে দাবি নাকোচের কারণ সুস্পষ্টভাবে উল্লেখ করা;
- (ট) বীমা দাবির ক্ষতি নিরূপণে বিশেষজ্ঞের মতামত প্রয়োজন হইলে, বীমাকারীর সম্মতিক্রমে, বিশেষজ্ঞ নিয়োগ করা;
- (ঠ) স্যালভেজ বা উদ্ধারকৃত ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য নির্ধারণ এবং ইহার বিক্রয় সম্পর্কে মন্তব্য প্রদান করা;
- (ড) বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারক কর্তৃক আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরপেক্ষভাবে যথাযথ ক্ষতির পরিমাণ নির্ধারণ করিয়া জরিপ প্রতিবেদন দাখিল করা;
- (ঢ) বীমাকারী কর্তৃক বীমা চুক্তিতে উল্লিখিত কাগজাদি ব্যতীত অন্য কোনো কাগজাদি বীমা গ্রাহকের নিকট না চাওয়া;
- তবে শর্ত থাকে যে, কোনো কারণে অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হইলে যৌক্তিক কারণ উল্লেখপূর্বক উহা চাওয়া যাইবে; এবং
- (ণ) ক্ষতি নিরূপণের ক্ষেত্রে প্রদত্ত প্রতিবেদনে ক্ষতিপূরণের অর্থের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ করা।

৪। জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের আচরণবিধি।—বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারককে নিম্নবর্ণিত আচরণবিধি মানিয়া চলিতে হইবে, যথা:—

- (ক) নন-লাইফ বীমা এবং দাবির প্রকৃতি সম্পর্কে স্বচ্ছ ধারণা রাখিয়া সততা, নিষ্ঠা, দক্ষতা, নিরপেক্ষতা, বিচক্ষণতা এবং পেশাদারিত্বের সহিত বীমা জরিপ ও ক্ষতি নিরূপণ কার্য সম্পন্ন করা;
- (খ) কার্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের সহিত যোগাযোগের ক্ষেত্রে সৌজন্য ও সদাচরণের প্রতি লক্ষ্য রাখিয়া দায়িত্বশীলতার সহিত জরিপকাজ পরিচালনা করা;
- (গ) বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের পক্ষে কোনো জরিপকাজ করিবার সক্ষমতা অথবা সামর্থ্য না থাকিলে তাহা গ্রহণে অপারগতা প্রকাশ করা;
- (ঘ) পেশাদার অনুশীলন সম্পর্কিত আধুনিক প্রযুক্তির সহিত সম্পৃক্ত থাকিয়া নিজেকে সময়োপযোগী করা;
- (ঙ) সহকর্মীদের পেশাদারিত্ব লাভের জন্য সহায়তা ও উৎসাহিত করা এবং, ক্ষেত্রবিশেষে, শিক্ষানবিশ গ্রহণ ও বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে তাহাদেরকে দক্ষ করিয়া গড়িয়া তুলিবার ব্যবস্থা গ্রহণ করা;

- (চ) জরিপ কাজের তথ্য সংবলিত একটি রেজিস্টার সংরক্ষণ করা এবং দাবি নিষ্পত্তির পর অনূন ৩ (তিন) বৎসরের জন্য জরিপ প্রতিবেদন, অনুলিপি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথি ও রেকর্ড সংরক্ষণ করা:

তবে শর্ত থাকে যে, ক্ষেত্র বিশেষে বিরোধ নিষ্পত্তি বা আদালতে বিচারাধীন দাবিসমূহের ক্ষেত্রে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত তাহা সংরক্ষণ করিতে হইবে;

- (ছ) বীমাগ্রহীতা বা বীমাকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে বীমা জরিপকারী এবং ক্ষতি নির্ধারক কর্তৃক সশ্লিষ্ট জরিপকাজের তথ্যাদি প্রকাশ না করা:

তবে শর্ত থাকে যে, রাষ্ট্রীয় স্বার্থ হানিকর বা ক্ষতিকর হইতে পারে এইরূপ বিষয় প্রকাশের ক্ষেত্রে উহা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থাকে অবহিত করিতে হইবে;

- (জ) স্বীয় লাভের জন্য অথবা কোনো তৃতীয় পক্ষের লাভের জন্য পেশাদারিত্বের মাধ্যমে অর্জিত বা গৃহীত কোনো তথ্য ব্যবহার বা প্রকাশ না করা; এবং

- (ঝ) কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা পরিপালন করা।

কর্তৃপক্ষের আদেশক্রমে

ড. এম আসলাম আলম

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

।